সংবাদ

তারিখ 20 SEP 2013
পৃঃ ১৬ কলাম ৪

# ব্যক্তিগত উদ্যোগ ছাড়া শিক্ষার উন্নয়ন সম্ভব নয়

## — শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, 'শিক্ষা খাতে পৃথিবীর সর্বনিম্ন বিনিয়োগ হয় বাংলাদেশে। আমাদের বাজেটের মোট ৬ শতাংশ ব্যয় করি এই খাতে। কিন্তু ব্যক্তিগত বিনিয়োগ ছাড়া শিক্ষাক্ষেত্রে উন্নয়ন সম্ভব নয়।'

গতকাল-বিকেলে জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে তথ্য-প্রযুক্তির শিক্ষা প্রসারের লক্ষ্যে প্রত্যন্ত অঞ্চলের ৩০টি মাধ্যমিক বিদ্যালয়কে কম্পিউটার বিতরণ অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ভলান্টিয়ার্স অ্যাসোসিয়েশন ফর বাংলাদেশ (ভাব) এই অনুষ্ঠানের আয়োজন করে।

'ভাব'র চেয়ারম্যান অধ্যাপক ড. জামিলুর রেজা চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সংগঠনের কান্ট্রি ডিরেক্টর অধ্যাপক এনিস উজ জামান, স্পনসরকারী প্রতিষ্ঠান স্মার্ট টেকনোলজিস বাংলাদেশ লি.-এর চেয়ারম্যান মাযহারুল ইসলাম প্রমুখ।

শিক্ষামন্ত্রী বলেন, 'দেশে প্রযুক্তিগত শিক্ষা সবচেয়ে বেশি অবহেলিত। এখন মাত্র ৬ শতাংশ শিক্ষার্থী এই শিক্ষাখাতে পড়াশোনা করে। আমাদের মাথায় জ্ঞান থাকলে চলবে না, তাকে দক্ষতায় পরিণত করতে হবে। আর এজন্য শিক্ষকদের এগিয়ে আসতে হবে।' তিনি আরও বলেন, 'আমাদের সবচেয়ে বড় সমস্যা সীমিত সম্পদ। শিক্ষা মৌলিক

শিক্ষার : পৃষ্ঠা : ২ ক : ৩

### শিক্ষার : উন্নয়ন

(১৬ পৃষ্ঠার পর)

অধিকার হলেও অগ্রাধিকারভিত্তিতে আমরা অন্য অধিকারগুলো শিক্ষা থেকে গুরুত্ব দেই। এজন্য শিক্ষা ক্ষেত্রে বেশি বরাদ্দ দিতে পারি না। আর সরকার যে পরিমাণ বৈদেশিক ঋণ নেয়, সেই ঋণের সুদ পরিশোধ করতে করতেই সম্পদ শেষ হয়ে যায়। ফলে আমাদের সামনের দিকে এগিয়ে যাওয়া হয় না।'

শিক্ষকদের প্রসঙ্গে তিনি বলেন, শিক্ষকদের দক্ষতা বাড়াতে এবং নতুন শিক্ষাব্যবস্থা সৃজনশীল পদ্ধতির সঙ্গে শিক্ষকদের পরিচিত করতে আমরা পাঁচ লাখ শিক্ষকের ১০ লাখ প্রশিক্ষণ দিয়েছি। অর্থাৎ প্রতি জনকে দুবার করে প্রশিক্ষণ দেয়া হয়েছে। অনেকেই এর বিরোধিতাও করেছেন। কিন্তু শিক্ষকদেরতো প্রতিজ্ঞাবদ্ধ থাকতে হবে যে শিক্ষার্থীকে যেকোনো মূল্যে শিক্ষা দিতে হবে। অনেকে বেতনবৈষম্যের ব্যাপারে কথা বলেন। শিক্ষকদের জন্য অবশ্যই একটি আলাদা বেতন কাঠামো হওয়া উচিত বলেও মন্ত্রী মনে করেন।

মন্ত্রী বলেন, 'আমাদের বর্তমানে গতানুগতিক শিক্ষায় হবে না। নতুন শিক্ষাব্যবস্থা এবং বিশ্বমানের শিক্ষা দরকার। এজন্য বেসরকারি বিনিয়োগ প্রয়োজন। কেননা কোন একক সরকারের পক্ষে দেশের শিক্ষাক্ষেত্রে সবকিছু করা সম্ভব নয়।'